


রেকর্ডরুম শাখা  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

বিষয় : অনলাইনে আবেদনের মাধ্যমে পর্চার কপি প্রাপ্তি সংক্রান্ত তথ্য জেলা ওয়েব পোর্টালে আপলোডকরণ।

সূত্র : বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট মহোদয়ের ১৬/০১/২০২৩খি. তারিখের ১২ নং স্মারক।

উপযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে অনলাইনে আবেদনের মাধ্যমে পর্চার কপি প্রাপ্তি সংক্রান্ত তথ্য এ সাথে প্রেরণ করা হলো। উক্ত তথ্য জেলা ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণামতে - ০১(এক) ফর্দ।



মোহাম্মদ শারীফ ইসলাম  
(মোহন মিনজি)

সহকারী কমিশনার

সহকারী কমিশনার  
আইসিটি শাখা

ইউ.ও.নোট নং-০৫.৪৬.৯০০০.০২৪.০২.০০২. ৩১৭

তারিখ: ১২/০২/২০২৩

অনলাইনে আবেদনের মাধ্যমে পর্চার কপি প্রাপ্তি সংক্রান্ত তথ্য :


জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর লক্ষ্যে সরকার ই-পর্চা সেবা চালু করে। এর ধারাবাহিকতায় সুনামগঞ্জ জেলায় বিগত ১৫/০৯/২০১৯ খ্রি. তারিখ হতে ই-পর্চা সেবা চালু করা হয়। এ সেবার মূল লক্ষ্য স্বল্প ব্যয়ে স্বল্প মূল্যে হয়রানি মুক্তভাবে সেবা প্রত্যাশীর অনুকূলে প্রত্যাশিত সেবা নিশ্চিত করা :

**সেবা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় তথ্যসমূহ:**

- ১। ই-পর্চা সেবার আওতায় একজন সেবা প্রত্যাশী এসএ এবং আরএস পর্চার জন্য অনলাইনে আবেদন করতে পারবেন।
- ২। সেবা প্রত্যাশী নিজ অবস্থানে থেকেই e-porcha.gov.bd এই লিংক এ প্রবেশ করে কাঞ্চিত পর্চার কপি পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদন করার সময় শুধু নাগরিক পরিচয় পত্রের প্রয়োজন হবে। প্রতি খতিয়ানের পর্চার জন্য আবেদনকারীকে অনলাইনে ৫০/- (পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে।
- ৩। জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) ও জেলা ডিজিটাল সেন্টার (জেলা প্রশাসকের কার্যালয়ের ফ্রন্ট ডেস্ক শাখার সম্মুখে) এ নির্ধারিত মূল্য পরিশোধ করে ই-পর্চার কপি প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন করা যাবে।
- ৪। ডাক বিভাগের মাধ্যমে পর্চার কপি প্রাপ্তির সুযোগ রাখা হয়েছে। এক্ষেত্রে আবেদনকারী ডাক বিভাগের মাধ্যমে পর্চা পাওয়ার জন্য অনলাইনে আবেদন করলে আবেদিত পর্চার কপি আবেদনকারীর ঠিকানায় ডাক বিভাগের মাধ্যমে প্রেরণ করা হবে। এতে আবেদনকারী ঘরে বসে পর্চা পাওয়ার সুযোগ পাবেন।
- ৫। পর্চার কপি পাওয়ার জন্য কোন মধ্যস্তত ভোগী/দালাল কিংবা তৃতীয় ব্যক্তির দ্বারস্থ ইওয়ার প্রয়োজন নেই।  
৬। যে কোন প্রয়োজনে সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর সাথে নিম্নোক্ত মোবাইল/টেলিফোন নম্বরে যোগাযোগ করতে পারেন।

মোবাইল নম্বর : ০১৭৩০-৩৩১০৯৮

টেলিফোন নম্বর : ০৮৭১-৬১৬৩০৮

  
২২/১২/২০২৬  
(মোহন মিনজি)  
সহকারী কমিশনার  
রেকর্ডরুম শাখা